মেহেরপুরের বজ্রপাতে একজনের মৃত্যু, আহত-১

মেহেরপুর সদর উপজেলার রাজনগরে বজ্রপাতে একরামুল হক (৩০) নামের এক যুবকের মৃত্যু হয়েছে। এ ঘটনায় পলাশ নামের আরো একজন আহত হয়েছেন। তাকে প্রাথমিক চিকিৎসা দিয়ে বাড়িতে পাঠানো হয়েছে।

আজ বুধবার বিকাল ৩টার দিকে এ ঘটনা ঘটে। নিহত একরামুল হক রাজনগর গ্রামের বেলে পাড়ার এনামুল হকের ছেলে এবং পলাশ একই পাড়ার কবির হোসেনের ছেলে।

জানা গেছে, ঘটনার সময় বৃষ্টির সাথে বজ্রপাতের ঘটনায় একরামুল ও পলাশ আহত হন। খবর মেয়ে মেহেরপুর ফায়ার সার্ভিস ইউনিটের একটি দল তাদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে। চিকিৎসাধীন অবস্থায় একরামুলের মৃত্যু হয়। পলাশকে প্রাথমিক চিকিৎসা দিয়ে বাড়ি পাঠানো হয়েছে।

মেহেরপুর জেনারেল হাসপাতালের আরএমও মোখলেসুর রহমান জানান, বজ্রপাতে আহত হয়ে দু জন হাসপাতালে ভর্তি হয়। একরামুল হক নামের একজন চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। অপরজনকে চিকিৎসা দিয়ে বাড়ি পাঠানো হয়েছে। তিনি সুস্থ আছেন।

গাংনীতে পৃথক অভিযানে চার মাদক সেবি আটক

মেহেরপুরের গাংনীতে পৃথক অভিযানে ২শ’গ্রাম গাঁজাসহ চারজনকে আটক করেছে গাংনী থানা পুলিশ। মঙ্গলবার রাতে পৃথম অভিযানে তাদেরকে গাঁজাসহ আটক করা হয়। উপজেলার সহগলপুর পাকা রাস্তায় মাদক দ্রব্য বিক্রী হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে এস আই আসাদুজ্জামান সঙ্গীয় ফোর্স নিয়ে আবুল বাসার নামের একজনকে আটক করে। পরে তার কাছ থেকে ১শ’গ্রাম উদ্ধার করা হয়। আটককৃত আবুল বাসার মেহেরপুর

সদর উপজেলার উজলপুর গ্রামের রুহুল আমিনের ছেলে।

অপরদিকে উপজেলার ঝোড়াঘাট ও কল্যাণপুর গ্রামের মাঝামাঝি ইটভাটার পাশে অভিযান চালিয়ে ১শ’গ্রাম গাঁজাসহ তিনজনকে আটক করা হয়। গাংনী থানা পুলিশের এস আই বরকত আলী সঙ্গীয় ফোর্স নিয়ে তাদেরকে আটক করে। আটককৃতরা হলো- হাড়াভাঙ্গা গ্রামের আজমত আলীর ছেলে খোকন (২৫), পীরতলা গ্রামের আঃ আজিজের ছেলে আমিরুল ইসলাম (২৩) ও ঝোড়াঘাট গ্রামের ইনতাজুল ইসলামের ছেলে আবু সাঈদ (২০)।

গাংনী থানা অফিসার ইনচার্জ ওবাইদুর রহমান জানান, মঙ্গলবার রাতে পৃথক অভিযানে ৪জনকে আটক করা হয়। আটককৃতদের নিকট থেকে ২শ’গ্রাম গাঁজা উদ্ধার করা হয়। তাদের বিরুদ্ধে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আদালতে সোপর্দ করা হয়েছে।

কোরবানি উপলক্ষে ব্যাস্ততা বেড়েছে মেহেরপুরের কামারশালায়

কোরবানি কে সামনে রেখে দা, বটি, চাপাতি, ছুরি তৈরীর কাজে ব্যাস্ত সময় কাটাচ্ছেন মেহেরপুরের কামাররা। তবে করোনার কারণে কাজের পাশাপাশি এসব সরঞ্জাম বিক্রি কম হচ্ছে। আগামী দু’দিনের মধ্যে বেচাকেনা বাড়বে এমন আশা করছে তারা।

রাত-দিন চলছে কামারশালার শব্দ। কোরবানীর সময় যতোই ঘনিয়ে আসছে, ততোই বাড়ছে কামারদের ব্যস্ততা।

পশু কোরবানীর দা-ছুরি ও চাপাতি-সহ প্রয়োজনীয় সরঞ্জাম কিনতে মানুষ ভীড় করছেন কামারশালায়। আবার কেউবা পুরোনো সরঞ্জাম মেরামত অথবা শান দিয়ে নিচ্ছেন। গত বারের তুলনায় চাহিদা অনেক কম।

মেহেরপুর শহরের টি.এন.টি এলাকার কামার আনোয়ার হোসেন জানান, অন্যান্য বছরের তুলনায় এবছর দা, বটি, চাপাতি, ছুরি তৈরীর কাজের চাহিদা অনেক কম। প্রতিবছর যারা ২-৩ টা কোরবানী দেই, এবছর তারা মাত্র ১ টা কোরবানী দিচ্ছে। আবার কেউ কেউ দিচ্ছে না। এজন্য

আমাদের বেচাকেনা কম। করোনার কারণে মানুষ ঘর থেকে বের হচ্ছে না। বাড়ির পুরোনা অস্ত্র দিয়ে এবার ঈদ চালিয়ে দিচ্ছে অনেকে। এতে ক্ষতিগ্রস্ত হচ্ছি আমরা।

একই এলাকার কারিগর আলম বলেন, গতবারের তুলনায় এবছর কুরবানীতে সরঞ্জাম তৈরির তেমন কোনো চাহিদা নাই। কোরবানির তেমন কোনো তোড়জোড় মানুষের মধ্যে দেখা যায়নি। মেয়েরা অনেকেই বটি তৈরীর জন্য আসে কিন্তু করোনার কারণে বাসা থেকে বের হতে পারছে না।

কায়েম জানান, মোটামুটি কাজ চলছে কিন্তু গতবার তুলনায় কম। তবে পুরাতন জিনিসপত্র মেরামতের কাজ বেশি।

প্রয়োজনীয় উপকরণের অভাব, আর্থিক সংকট-সহ নানা কারণে হারিয়ে যেতে বসেছে ঐতিহ্যবাহী এই শিল্প। পাশাপাশি কয়লা আর কাঁচামালের দাম বেড়ে যাওয়ায় লাভের পরিমান কমেছে বলেও জানান অনেকেই।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে তৃতীয় লিঙ্গের মানুষের মাঝে পুনাক এর ঈদ উপহার বিতরণ

মেহেরপুরে পুলিশ নারী কল্যাণ সমিতি (পুনক) ও জেলা পুলিশের এর পক্ষ থেকে মেহেরপুর জেলায় বসবাসরত তৃতীয় লিঙ্গ মানুষের মাঝে ঈদ উপহার বিতরণ করা হয়েছে।

বুধবার সকাল ১১ টার দিকে মেহেরপুর পুলিশ লাইন মিলনায়তনে পুলিশ সুপার এসএম মুরাদ আলি ও পুনাক সভাপতি তাহেরা রহমান জেলার ৫০ জন তৃতীয় লিঙ্গ মানুষের হাতে ঈদ উপহার তুলে দেন।

ঈদ উপহার বিতরণকালে পুলিশ সুপার এস এম মুরাদ আলী বলেন, পবিত্র ঈদুল আযহাকে সামনে রেখে মেহেরপুর জেলা পুলিশ ও পুনাক এর উদ্যোগে তৃতীয় লিঙ্গ ব্যক্তিদের মাঝে ঈদ উপহার করা হচ্ছে। যাতে এই সমস্ত

মানুষ গুলো পরিবারের প্রিয়জনদের সাথে আনন্দে ঈদ উদযাপন করতে পারে। আমাদের এই সামান্য উপহার।

এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার হাসিবুল আলম, পুনাক সদস্য ইরিন ইসরাত, ট্রাফিক ইনস্পেক্টর ইসমাইল হোসেন, আর আই পুলিশ লাইন প্রমুখ।

মেপ্র / এমএফআর

মেহেরপুরের আমঝুপিতে ইসলামী ব্যাংকের এজেন্ট ব্যাংকিং শাখার উদ্বোধন

মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে ইসলামী ব্যাংকের এজেন্ট ব্যাংকিং এর উদ্বোধন করা হয়েছে। তৃনমূল পর্যায়ে ব্যাংকিং সেবা পৌছে দিতে ইউনিক এন্টারপ্রাইজের চেয়াম্যান মুন্সি জাহাঙ্গির জিন্নাত হিরোক এর উদ্যোগে আমঝুপি বাজারে এজেন্ট ব্যাংকিং চালু করা হয়েছে। বুধবার সকালে বাংলাদেশ ইসলামী ব্যাংক মেহেরপুর জেলা শাখার ম্যানেজার মুহাম্মদ জাহাঙ্গির আলম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এজেন্ট শাখার উদ্বোধন করেন।

উদ্বোধনকালে তিনি বলেন, জনসাধারণের দোরগোড়ায় ব্যাংকিং সেবা পৌছে দিতে তৃনমূল পর্যায়ে এজেন্ট ব্যাংকিং শাখা দেওয়া হয়েছে। এরই ধারাবাকিতাই মেহেরপুর সদর উপজেলার আমঝুপি বাজারে আরও একটি এজেন্ট শাখার উদ্বোধন করা হলো। মূল শাখার যাবতিয় কর্মকান্ড এজেন্ট শাখার মাধ্যমে করা যাবে। আপনাদের সহযোগীতায় আমঝুপি শাখা দ্রুত সাফল্য অর্জন করবে।

এর আগে স্বাগত বক্তব্য রাখেন ইসলামী ব্যাংক মেহেরপুর শাখার প্রিন্সিপাল অফিসার এস এম আনসারুল হক। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন আমঝুপি বাজার কমিটির সাধারণ সম্পাদক সেলিম রেজা, কোষাধাক্য সানি আযিম।

সমাপনি বক্তব্য দেন আমঝুপি শাখার এজেন্ট ও ইউনিক এন্টাপ্রাইজের চেয়ারম্যান মুন্সি জাহাঙ্গির জিন্নাত হিরোক। তিনি বলেন, আপনাদের ব্যাংকিং সুবিধা হাতের নাগালে দিতে আমার এই উদ্যোগ। ইসলামী ব্যাংকের সকল সুবিধা এখান থেকেই পাবেন।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর প্রতিদিন এর সম্পাদক ইয়াদুল মোমিন, ব্যাবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু, চীফ রিপোর্টার মর্তুজা ফারুক রুপক, সাংবাদিক মাহাবুবুল হক পোলেন, আতিক স্বপন।

পরে দোয়া পরিচালনা করেন চাঁদিবিল কেন্দ্রীয় জামে মসজিদ এর খতিব ইমাম মুহাম্মদ মাওলানা আব্দুল বারি। অনুষ্ঠান সঞ্চালনা করেন ইসলামী ব্যাংক মেহেরপুর শাখার অফিসার আব্দুল মোঈন।

মেপ্র/এমএফআর

মুজিবনগরে জমি সংক্রান্ত বিরোধের জেরে মা-ছেলেকে মারধর

মুজিবনগরে জমি সংক্রান্ত বিরোধের জের ধরে টুটুল ও তার মাকে খুনের হুমকি দিয়েছে তারই প্রতিবেশি। এবং ঘরের কার্নিশ টুটুলের জমি থেকে একটু সরিয়ে নেয়ার বিষয়ে বলতে গেলে হাতাহাতির ঘটনা ঘটেছে। মারধরের ঘটনায় মুজিবনগর থানায় একটি অভিযোগ দেওয়া হয়েছে।

টুটুল জানায়,আমাদের জমির পাশে নাসিমের জমি আছে। তারা আমাদের জমির আইল ঘেষে তাদের জমিতে ঘর তুলছে। বার বার করে তাদের নিষেধ করার সত্তেও তারা আমার কথা কানে নেয়নি। পরবর্তিতে ঘরের ছাদের কাজ চলমান। আজ মঙ্গলবার দুপুরে তাদের ছাদের কাজ করতে বাধা দিতে গেলে ইমান আলি ও নাসিম আমাকে এবং আমার মাকে মারধর করে।
এ বিষয়ে টুটুলের পিতা আফতাব আলি মুজিবনগর থানায় উপস্থিত হয়ে বক্স সরদারের ছেলে ইমান আলি ও মৃত: বাবু সরদারের ছেলে নাসিমের নামে একটি অভিযোগ দাখির করেন। যারা দুজনেই মোনাখালি গ্রামের মধ্যেপাড়ার ছেলে এবং আফতাব আলির প্রতিবেশি।

অভিযোগে আফতাব আলি উল্যেখ করেছে, আমার জমির পাশে নাসিমের জমি আছে। তারা আমার জমির আইল ঘেষে তাদের জমিতে ঘর তুলছে। বার বার করে তাদের নিষেধ করার সত্তেও তারা আমার কথা কানে নেয়নি। পরবর্তিতে ঘরের ছাদের কাজ চলমান। আজ মঙ্গলবার দুপুরে তাদের ছাদের কাজ করতে বাধা দিতে গিয়ে তারা আমার স্ত্রী ও সন্তানকে খুনের হুমকি দেয়।

এ বিষয়ে মুজিবনগর থানার এসআই সুব্রত কুমার পাল বলেন, অভিযোগের প্রেক্ষিতে অভিযোগকৃত আসামিদের বিরুদ্ধে আইনগত ব্যাবস্থা নেওয়া হবে।

মোনাখালি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান জানান, মারামারির ঘটনা আমি শুনেছি। এ বিষয়ে আমি উভয় পক্ষের সাথে কথা বলে আগামিকাল আমিন ডেকে নিয়ে এসে উভয়ের জায়গা মাপার ব্যাবস্থা করবো।

মেহেরপুরের সাবেক জেলা প্রশাসক মোঃ আতাউল গনি করোনায় আক্রান্ত

মেহেরপুর থেকে সদ্য বদলি হয়ে যাওয়া জেলা প্রশাসক বর্তমানে টাঙ্গাইলের জেলা প্রশাসক মোঃ আতাউল গনি করোনায় আক্রান্ত হয়েছেন।

টাঙ্গাইল জেলায় নতুন করে ৫২ জন করোনায় আক্রান্ত হয়েছেন। এ নিয়ে জেলায় আক্রান্তের সংখ্যা দাঁড়ালো ১৫১৫ জনে। এদের মধ্যে টাঙ্গাইল সদরে ২৯ জন, নাগরপুরে দুই, মির্জাপুর তিন, বাসাইল ৭, কালিহাতি ৭, ভুয়াপুর ০১ ও ধনবাড়িতে তিনজন।

টাঙ্গাইলের সিভিল সার্জন অফিস জানায়, এদের মধ্যে ৮৫৩ জন সুস্থ হয়েছেন। অপরদিকে মৃত্যু হয়েছে ২৫ জনের। এবং টাঙ্গাইল জেনারেল হাসপাতালের করোনা ডেডিকেটেড ও বিভিন্ন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সহ ঢাকার বিভিন্ন হাসপাতালে ও বাড়িতে চিকিৎসা নিচ্ছে।

টাঙ্গাইলের জেলা প্রশাসক মোঃ আতাউল গনির করোনা পজেটিভ হওয়ার পর

তিনি সরকারি বাসভবনে চিকিৎসাধীন আছেন।

সূত্র- যমুনা টিভি

গাংনীতে কফি হাউসে বসে পরকীয়া প্রেমিকার সামনে সেনা সদস্যের আত্মহত্যার নাটক

প্রথম প্রেমিকার সাথে পালিয়ে যাওয়ার প্রস্তাব প্রত্যাখ্যান করায় কফির সাথে বিষ মিশিয়ে বিষপানের নাটক করে সোহেল নামের এক সেনা সদস্য হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। ওই সেনা সদস্য মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের শুভরাজপুর গ্রামের মৃত ইসরাফিলের ছেলে। বর্তমানে তিনি ঢাকা সেনানিবাসে কর্মরত আছেন।

মঙ্গলবার দুপুরে গাংনী উপজেলার গ্রীন কফি হাউসে কফি খাওয়ার সময় প্রেমিকার সামনে এই নাটকীয় ঘটনা ঘটান।

পুলিশ ও স্থানীয়রা সূত্রে জানা গেছে, শুভরাজ পুর গ্রামের সেনাসদস্য সোহেল রানা চাকরি থেকে ছুটিতে বাড়ি আসে সপ্তাহখানেক আগে। ছুটিতে এসে তার প্রথম প্রেমিকাকে সাথে নিয়ে গাংনীতে একটি কফি হাউসে কফি খেতে বসে।

এ সময় প্রেমিককে তার সাথে পালিয়ে বিয়ে করার প্রস্তাব দেয়। সোহেল রানা বিবাহিত হওয়ায় তার প্রস্তাবে রাজি না হলে পকেট থেকে একটি ট্যাবলেট বের করে কফির সাথে মিশিয়ে তা পান করে।

উক্ত কফি পান করার সাথে সাথে বমি শুরু হলে স্থানীয় কফি সপের মালিক তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। স্থানীয় মানুষ বিষয়টি গাংনী থানা পুলিশকে খবর দিলে পুলিশের এসআই তপনসঙ্গীয় ফোর্স নিয়ে সেনা সদস্য সোহেল রানাকে চিকিৎসার জন্য বিষমুক্ত করতে চাইলে সোহেল রানা বলেন আমি কিছুই খাইনি। শুধু প্রেমিকাকে ভয় দেখানো হয়েছিল।

প্রেমিকা জানান চার বছর ধরে আমার সাথে সোহেলের সম্পর্ক। আমার সাথে তার বিয়ের কথা ছিল। সে সেনাবাহিনীতে চাকরি পাওয়াই আমাকে ছেড়ে এক মেয়ের সাথে দুই বছর আগে বিয়ে করে। তারপর কয়েক মাস আমার সাথে যোগাযোগ বন্ধ হয়ে যায়। পরে সে আমাকে বিয়ে করবে বলে নানা ধরণের প্রলোভন দেখিয়ে ফোন দিতে থাকে। আর আমাকে না পেলে আত্মহত্যা করবে বলে ওয়াদা করে। শুধু তাই নয় সে হারপিক ও বিষের বোতল দিয়ে আমাকে ভিডিও কলে দেখায় আমি নিরুপায় হয়ে তার সাথে যোগাযোগ রক্ষা করতে বাধ্য হয়েছি।

আজকেও সে গাংনীতে আসার কথা বললে আমি আসতে রাজি হইনি। সে আত্মহত্যা করে আমাকে ফাঁসাতে চায় আমি এক প্রকার নিরুপায় হয়েই তার সাথে দেখা করতে আসি। আমাকে সে বিয়ে করার জন্য পালিয়ে যেতে বললে আমি বিষয়টি এড়িয়ে যাবার চেষ্টা করি তখন সে আমার সাথে এই আত্মহত্যার নাটক করে। স্থানীয়রা আমাকে ও সোহেলকে হাসপাতালে নিয়ে আসে।

পরে পুলিশ এসে পুরো ঘটনা শুনতে চাইলে পুলিশকে বিস্তারিত বলেছি। গাংনী থানা পুলিশের তদন্ত ওসি সাজেদুল ইসলাম ঘটনাস্থল পরিদর্শন করেন।

গাংনী থানার ওসি ওবায়দুর রহমান জানান এমন একটি ঘটনা তিনি শুনে পুলিশ পাঠিয়েছেন। তবে এব্যাপারে কোনো পক্ষেরই কোন অভিযোগ পাননি। অভিযোগ পেলে প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন বলে জানান।

মেহেরপুরে পুলিশ সদস্যদের মাঝে স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী বিতরণ

মেহেরপুর জেলা পুলিশের প্রতিটি ইউনিট এঁর সকল পুলিশ সদস্যকে করোনা মোকাবেলায় স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী বিতরণ করা হয়েছে। মঙ্গলবার দুপুরে জেলা পুলিশ লাইন ড্রিলশেডে আনুষ্ঠানিকভাবে এই স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী বিতরণ করা হয়। পুলিশ সুপার এস এম

মুরাদ আলী সকল ইউনিট প্রধানদের এই সামগ্রী তুলে দেন।

সুরক্ষা সামগ্রীর ভিতর ছিল, পিপিই, মাস্ক, হ্যান্ড গ্লোভস, আই প্রটেক্টর, ফেইস সিল্ড, ভিটামিন-সি, জিংক ট্যাবলেট ও ক্যালসিয়াম ডি-৩।

এসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার মোস্তাফিজুর রহমান, হাসিবু্ল আলম, সদর থানার ওসি শাহ দারা খান, মুজিবনগর থানার ওসি আব্দুল হাসেম, গাংনী থানার ওসি ওবাইদুর রহমান, জেলা গোয়েন্দা শাখার ওসি জুলফিকার আলীসহ মেহেরপুর জেলা পুলিশের সকল ইউনিট প্রধানরা।
মেপ্র/এমএফআর

মেহেরপুরে ইয়াবাসহ ছোট বাবু আটক

মেহেরপুরে ১০পিচ ইয়াবাসহ ছোটবাবু নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ। মঙ্গলবার দুপুরে এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে গাংনীর চর গোয়াল গ্রামে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। একইসাথে মাদক বিক্রির ১০ হাজার ৫শ টাকা জব্দ ডিবি পুলিশ।
আটক ছোটবাবু গাংনী উপজেলার ভবানীপুর গ্রামের মৃত বাবু দর্জির ছেলে।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলীর বিষয়টি নিশ্চিত করে বলেন, ছোট বাবু নামের এক মাদক ব্যবসায়ীকে ১০পিচ ইয়াবাসহ আটক করা হয়েছে৷ তার বিরুদ্ধে গাংনী থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

মেপ্র/এমএফআর